

Pub. Office

তারিখ 08 OCT 1986  
পৃষ্ঠা... 15... কলাম... 3 ...

# দৈনিক স্বাক্ষর



## শিক্ষা

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড** সবার মনে জন্মনা-কল্পনা, এই বছর মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফলাফল সংবাদপত্রগুলোতে প্রকাশ হবে কিনা। কারণ, বিগত পরীক্ষার ফলাফল পত্র-পত্রিকায় ছাপানো হয়নি। শুধু মাত্র মেধা তালিকা ছাড়া। আমাদের প্রশ্ন হচ্ছে এতগুরুত্বপূর্ণ ফলাফল পত্র-পত্রিকায় কেন ছাপানো হয় না? এ ব্যর্থতা কার? তা আমাদের আদৌ বোধগম্য নয়। অথচ কোন একটি সাধারণ প্রতিষ্ঠানের ইন্টারভিউ পরীক্ষা হলেও বিভিন্ন পত্র-পত্রিকায় ছাপানো হয়। অনুরূপভাবে স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের ফলাফল প্রকাশ হয়ে থাকে। কিন্তু এই নিয়ম-কানুন মাদ্রাসার বেলায় ব্যতিক্রম আমরা লক্ষ্য করে আসছি। বিগত সময়ে মাদ্রাসা বোর্ডের ফলাফল নিজ-নিজ মাদ্রাসায় কিংবা কেন্দ্রে ভিপি যোগে

পাঠিয়ে দেয়া হয়। যা পৌঁছাতে ৩/৪ দিন সময় লাগে। আবার এমন কোন জায়গা আছে যেখানে এক সপ্তায়ও পৌঁছাতে সক্ষম হয় না। যার পরিপ্রেক্ষিতে ছাত্র ও অভিভাবক মহল তাদের নিজ-নিজ ফলাফল দেখার জন্য উদ্বিগ্ন হয়ে পড়েন ও দুশ্চিন্তায় ভোগেন।

পরিশেষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সমীপে আকুল আবেদন জানাচ্ছি, যাতে ভবিষ্যতে শিক্ষা বোর্ডের অধীনে সমস্ত ফাইনাল (দাখিল, আলিম, ফাজিল ও কামিল) পরীক্ষার ফলাফলসমূহ দৈনিক সংবাদপত্রগুলোর মাধ্যমে প্রকাশ করে ছাত্র ও অভিভাবক মহলকে দুশ্চিন্তা থেকে মুক্ত করবেন।

—মোঃ মামুনুর রশীদ আনোয়ারী  
ফাজিল সমাপনী বর্ষ,  
ছোবহানিয়া আলীয়া মাদ্রাসা,  
পাথরঘাটা, চট্টগ্রাম।

### এবতেদায়ী মাদ্রাসার প্রধান শিক্ষক পদবী

নব প্রচলিত এবতেদায়ী মাদ্রাসা বাংলাদেশের কচি-কাচা মুসলমান ছেলেমেয়েদের জন্য একটি অতীব গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। যার জন্য বর্তমান সরকার বাহাদুর চিরদিনের জন্য জাতির নিকট স্মরণীয় হয়ে থাকবেন। সাথে সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড যে অল্প সময়ের মধ্যে এ এবতেদায়ী মাদ্রাসাগুলোর মঞ্জুরি প্রদান করেছে তার জন্য বোর্ড কর্তৃপক্ষের অবদান অনস্বীকার্য।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, এ মাদ্রাসাগুলো দ্বিনি শিক্ষা প্রতিষ্ঠান, যা মাদ্রাসা হিসেবে নামকরণ করা হয়েছে। যিনি বর্তমানে মাদ্রাসা প্রধান হিসেবে নিয়োজিত আছেন তাঁর পদবী, প্রধান শিক্ষক হিসেবে নামকরণ

করা হয়েছে। আরো উল্লেখ করতে হয় যে, অত্র প্রতিষ্ঠানগুলোতে ফাজেল পাস ছাড়া অন্য কাউকে মাদ্রাসা প্রধান হিসেবে নিয়োগের কোন ব্যবস্থা নেই। সে ক্ষেত্রে একজন ফাজেল পাস (ডিগ্রীধারী)-কে প্রধান মৌলবী নামকরণ না করে প্রধান শিক্ষক নামকরণের যুক্তিটি মোটেই বোধগম্য নয়।

অতএব, কর্তৃপক্ষ সমীপে আবেদন এই যে, উক্ত বিষয়টি গভীর চিন্তা-ভাবনার মাধ্যমে বিচার-বিবেচনা করে প্রধান শিক্ষক-এর স্থলে প্রধান মৌলবী প্রচলনের ব্যবস্থা গ্রহণ করতে কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করি।

—মাওলানা আবুবকর সিদ্দিক,  
এম, এ, বি, এড  
প্রধান মাওলানা,  
গভঃ টেকনিক্যাল হাই স্কুল,  
বেগমগঞ্জ, নোয়াখালী।